



সালমা সোবহানের জন্মদিনে(১১ই অগাষ্ট) বিনৰ ভালবাসা

দিলরংবা শাহানা

আজ আইনজীবী, শিক্ষাবিদ, সক্রিয় মানবাধিকার কর্মী সালমা সোবহানের জন্মদিন। বাবা
ইকরামুল্লাহ ও মা শায়েস্তা ইকরামুল্লাহ। এই গুণী দম্পতির চার সন্তানের মাঝে প্রথমজন
সালমা। এই বিদ্যুষী ও হৃদয়বতী নারীর স্নেহ ও উৎসাহ আমার আত্মবিশ্বাস বাড়াতে
সন্দেহাতীতভাবে সাহায্য করেছে। বেঁচে যখন ছিলেন তাঁকে বলা হয়নি কতটা ভাল আমি
তাঁকে বাসি। শুধু একবার হাজার মাইল দূর থেকে তাঁর জন্মদিনে(সময়টা ১৯৯২) আমি
একটি কার্ড পাঠাই। জানতাম জমকালো জিনিসে তার মোটেও আগ্রহ নেই। লভনে
ঝাক্বাক, চক্মক জিনিসের অভাব নেই সবাই জানে। আমি তাঁর জন্য ইউনিসেফের একটি
কার্ড কিনি। হাউনিঙ্গফেল্ট কার্ড বিক্রি থেকে যা লাভ হয় স্নেহুকু প্রতিষ্ঠান দলিদ্ধ শিশুদের
জন্য ব্যয় হয়। কার্ডটি সাদামাটা তবে আমার আশা ছিল এই কার্ডের কদর সালমা
সোবহানের মত ব্যক্তিত্বেই বুবাবেন। আমি ফেরার পর যখন দেখা করতে গেলাম তাঁর
Hug and Kissতো পেলামই তার সাথে যা পেলাম তা হল

‘কার্ডটা ইউনিসেফের কিনেছিলে it means so much to me!’